

২৯ অগাস্ট ২০১৫

গুমের শিকার ব্যক্তিদের পরিবার, আফাদ, এএলআরসি, এফআইডিএইচ এবং অধিকার এর ঘোষণা
উদ্যোগে অনুষ্ঠিতব্য ভিকটিম পরিবারের সাক্ষ্য ও অভিজ্ঞতা শীর্ষক অনুষ্ঠানটি বাতিল করে দিয়েছে

জাতীয় প্রেসক্লাব কর্তৃপক্ষ

অধিকার এবং গুমের শিকার ভিকটিম পরিবারগুলো গভীর উদ্দেগের সঙ্গে জানাচ্ছে যে, আগামীকাল ৩০ অগাস্ট
২০১৫ জাতীয় প্রেসক্লাব, ঢাকায় ‘গুমের শিকার ব্যক্তিদের স্মরণে আন্তর্জাতিক দিবস’ উপলক্ষে ভিকটিম
পরিবারগুলোর অভিজ্ঞতা বিনিময়মূলক অনুষ্ঠান হবার কথা থাকলেও জাতীয় প্রেসক্লাব কর্তৃপক্ষ তা হঠাতে করে বাতিল
করে দিয়েছে। এই অনুষ্ঠান করার জন্য গত ১১ জুলাই প্রেসক্লাবের অডিটোরিয়াম বুকিং দেয়া হয়েছিল এবং হলভাড়া
পরিশোধ করা হয়েছিল। আজ ২৯ অগাস্ট ২০১৫ বিকাল ৫.২০টায় প্রেসক্লাবের স্টাফ সেলিম মির্যা অধিকার এ
ফোন করে জাতীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কামরুল ইসলাম চৌধুরীর নির্দেশে প্রেসক্লাবের অডিটোরিয়ামের
বুকিং বাতিলের কথা জানান। এর আগে দুপুরে কয়েকজন গুমের শিকার ব্যক্তিদের পরিবারকে বিভিন্ন অঙ্গাত ফোন
নম্বর থেকে ফোন করে উল্লেখিত অনুষ্ঠানে অংশগ্রহণ না করার জন্য ভয়ভীতি দেখানো হয়। এছাড়া আজ বিকাল
৫.৩০টায় দুইজন সাদাপোষাকধারী লোক অধিকার অফিসের মূল গেটে এসে অধিকার এর সেক্রেটারি আদিগুর
রহমান খান এর অবস্থানের ব্যাপারে জানতে চায়।

অধিকার টিম ও ভিকটিম পরিবারবর্গ